দৈনিক ইনকিলাব

তারিখ 16 APR 2003
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৮

# ২৪ ও ২৫ এপ্রিল বাংলাদেশ ইতিহাস পরিষদের সাধারণ সভা ও জাতীয় সম্মেলন

স্টাফ রিপোর্টার ঃ বাংলাদেশ ইতিহাস পরিষদের দ্বি-বার্ষিক সাধারণ সভা ও ৩৩তম জাতীয় সম্মেলন আগামী ২৪ ও ২৫ এপ্রিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হবে। এ সম্মেলনে অংশগ্রহণ করতে ইচ্ছুক সকল সদস্যকে ২৩ এপ্রিল সন্ধ্যা ৭টার মধ্যে পরিষদ কার্যালয়ে (ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনে ৩০১৪ নং কক্ষ) ৩শ' টাকা রেজিস্ট্রেশন ফি জমা দিয়ে নাম তালিকাভুক্ত করার অনুরোধ জানানো হয়েছে।

এদিকে বাংলাদেশ ইতিহাস পরিষদের দ্বি-বার্ষিক সাধারণ সভা ও ৩৩তম জাতীয় সম্মেলন উপলক্ষে ১৪০৭-১৪০৮ বাংলা সনে প্রকাশিত ইতিহাস ও ঐতিহ্য বিষয়ক পুস্তকের ওপর পুরস্কার প্রদানের সিদ্ধান্ত নেয়া হয়েছে। পুরস্কারের জন্য বাছাইয়ের উদ্দেশ্যে আগ্রহী লেখকদের পরিষদের সাধারণ সম্পাদক বরাবরে লিখিত দরখাস্ত ও ২ কপি পুস্তক পরিষদ কার্যালয়ে জমা দিতে বলা হয়েছে।